ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪২৯
ধর্মনগর, ২৮ অক্টোবর, ২০২৫

**উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব ১৫ নভেম্বর**

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে আগামী ১৫ নভেম্বর। যুব উৎসবকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ ধর্মনগরে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে আয়োজিত এই প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। এছাড়াও উপস্থিত ছিলেন কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু শর্মা, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অপর্ণা সিনহা দেবনাথ, ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, সমাজসেবী কাজল কুমার দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা বিভাবসু গোস্বামী এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। যুব উৎসবে ১৫ থেকে ২৯ বছরের ছেলে মেয়েরা বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। এর মধ্যে রয়েছে লোকনৃত্য, লোকসংগীত, আবৃত্তি, গল্প লেখা, পেইন্টিং ইত্যাদি।

******